

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৮৭৬

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا مَرْوَانُ، حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ سَلْعٍ الْهَمْدَانِيُّ، عَنْ عَبْدِ خَيْرٍ، قَالَ: عَلَّمَنَا عَلِيُّ
وُضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَبَّ الْغُلَامُ عَلَى يَدَيْهِ حَتَّى أَنْقَاهُمَا، ثُمَّ
أَدْخَلَ يَدَهُ فِي الرُّكُوءِ "فَمَضْمَضَ، وَاسْتَنْشَقَ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ثَلَاثًا، وَزَرَعَ عَيْنَهُ إِلَى
الْمِرْفَقَيْنِ ثَلَاثًا ثَلَاثًا، ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الرُّكُوءِ فَغَمَرَ أَسْفَلَهَا بِيَدِهِ، ثُمَّ أَخْرَجَهَا فَمَسَحَ بِهَا
الْأُخْرَى، ثُمَّ مَسَحَ بِكَفَيْهِ رَأْسَهُ مَرَّةً، ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ثَلَاثًا ثَلَاثًا، ثُمَّ اغْتَرَفَ
هُنَيْئَةً مِنْ مَاءٍ بِكَفَيْهِ فَشَرِبَهُ، ثُمَّ قَالَ: هَكَذَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّأُ

صحيح لغيره، وإسناده حسن، عبد الملك بن سلع روى عنه جمع، وذكره ابن حبان
في "الثقات" وقال: يخطئ، وقال الحافظ في "التقريب": صدوق، وباقي رجاله ثقات.

مروان: هو ابن معاوية الفزاري. وسيأتي برقم (910) و (1008)

وانظر (919) و (928) و (989) و (1047)

والركوة: إناء للماء من جلد خاصة

والهنية- بالتصغير-: القدر القليل

বাংলা

৮৭৬। আবদ খায়র বলেছেন, আলী (রাঃ) আমাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওযু শিখিয়েছিলেন। এক যুবক তার হাতে পানি ঢেলে দিল এবং তা দিয়ে তিনি হাত পরিষ্কার করলেন। তারপর তিনি হাত ঢুকিয়ে দিলেন বালতিতে। তারপর কুলি করলেন। নাকে পানি দিলেন। মুখ ধুলেন তিনবার করে। কনুই পর্যন্ত দু'হাত ধুলেন তিনবার করে। পুনরায় বালতিতে হাত ঢুকালেন, হাত পাত্রে নিচ পর্যন্ত ডুবালেন, তারপর

হাত উঠালেন এবং তা দ্বারা অন্য হাত মাসেহ করলেন, তারপর দু'হাতের তালু দিয়ে একবার মাথা মাসেহ করলেন, তারপর তিনবার গিরা পর্যন্ত পা ধুলেন, তারপর হাতে এক কোষ পানি নিয়ে তা পান করলেন। তারপর বললেন, এভাবেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওযু করতেন।

[আবু দাউদ-১১১, ১১২, ১১৩, ইবনু মাজাহ-৪০৪, তিরমিযী-৪৯, নাসায়ী-৬৭/১, ৬৮, মুসনাদে আহমাদ-৯১০, ৯১৯, ৯২৮, ৯৪৫, ৯৮৯, ৯৯৮, ১০০৮, ১০১৬, ১০২৭, ১১৩৩, ১১৭৮, ১১৯৮, ১১৯৯, ১৩২৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64162>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন